

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৭.২০১৫-

তারিখঃ-----খ্রিঃ

আদেশ

যেহেতু, জনাব মোঃ ইমাম হোসেন আকন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, মোংলা, বাগেরহাট-এর বিরুদ্ধে তেরখাদা, খুলনায় কর্মকালীন (২১-১০-২০১৩ হতে ০৫-৭-২০১৫ খ্রিঃ পর্যন্ত) অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে অধিদপ্তরের ০৬-৮-২০১৫ খ্রিঃ তারিখের ২৮৭ সংখ্যক স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫-এর ৩(বি) ও ৩(ডি) বিধি মোতাবেক বিভাগীয় মামলা চালু করা হয়।

যেহেতু, তিনি বিভাগীয় মামলায় লিখিতভাবে জবাব দাখিল করেন। তার আবেদনের প্রেক্ষিতে গত ০৭-১০-২০১৫ খ্রিঃ তারিখে মহাপরিচালক কর্তৃক ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়। ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্যের প্রেক্ষিতে আনীত অভিযোগের বিষয়ে বিভাগীয় তদন্তের প্রয়োজন অনুভূত হওয়ায় বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়নি, তবে কর্ম সম্পাদনে সতর্কতার ঘাটতি ছিল বলে উল্লেখ করা হয়;

যেহেতু, অভিযুক্তের লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও নথি পত্র পর্যালোচনায় আনীত অভিযোগসমূহ প্রমাণিত না হওয়ায় তাকে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ ইমাম হোসেন আকন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-কে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতের জন্য সতর্ক করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

স্বাক্ষরিত/-  
(আনোয়ারুল করিম)  
মহাপরিচালক  
ফোন-৯৫৫৯৩৮৯।

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০১৭.২০১৫-৪৪

তারিখঃ ১০-২-২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো :

- ০১। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বাগেরহাট/খুলনা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে আদেশের কপিটি ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৪। সহকারী পরিচালক (প্রশাসন) যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-কে সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত নথিতে কপিটি সংরক্ষণে অনুরোধ করা হলো।
- ০৫। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, মোংলা, বাগেরহাট/তেরখাদা, খুলনা।
- ০৬। জনাব মোঃ ইমাম হোসেন আকন, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক, যুব উন্নয়ন অধিদপ্তর, মোংলা, বাগেরহাট।
- ০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৮। অফিস কপি/ গার্ড ফাইল।

(মোঃ আতাউর রহমান)  
সহকারী পরিচালক (শৃংখলা)  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।